**2022**

# HISTORY

**Time – 3 Hours 15 Minutes**

*(First 15 minutes for reading the question paper only)*

**Full Marks – 90** For Regular Candidates

**Full Marks – 100** For External Candidates

*Special credit will be given for answers which are brief and to the point.*
*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

[**'ক'** বিভাগ থেকে **'ঙ'** বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন **নিয়মিত** ও **বহিরাগত** সব পরীক্ষার্থীদের জন্য।
**'চ'** বিভাগে প্রদত্ত প্রশ্ন **শুধুমাত্র বহিরাগত** পরীক্ষার্থীদের জন্য।]

(**'ক'** বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক। অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।
**'খ'** বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে।
অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।)

## বিভাগ 'ক'

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ : ১×২০=২০

১.১ সত্যজিৎ রায় যুক্ত ছিলেন —

(ক) খেলার ইতিহাসে (খ) শহরের ইতিহাসে

(গ) নারীর ইতিহাসে (ঘ) শিল্পচর্চার ইতিহাসে

১.২ রেশম আবিষ্কৃত হয় প্রাচীন —

(ক) ভারতে (খ) রোমে

(গ) পারস্যে (ঘ) চীনদেশে

১.৩ 'নিষিদ্ধ শহর' বলা হয় —

(ক) লাসাকে (খ) বেইজিংকে

(গ) রোমকে (ঘ) কনস্ট্যান্টিনোপলকে

১.৪ 'বঙ্গদর্শন' সাময়িক পত্রটি ছিল একটি —

(ক) সাপ্তাহিক পত্রিকা (খ) পাক্ষিক পত্রিকা

(গ) মাসিক পত্রিকা (ঘ) বাৎসরিক পত্রিকা

sciencemaster.in

১.৫ 'নীলদর্পণ' নাটকটি ছাপা হয়েছিল —

(ক) নদীয়াতে (খ) ঢাকায়

(গ) শ্রীরামপুরে (ঘ) কলকাতায়

১.৬ রামমোহন রায় এর পরবর্তীকালে ব্রাহ্মসমাজ পরিচালনা করেন —

(ক) অক্ষয়কুমার দত্ত (খ) দেবেন্দ্রনাথ ঠাকুর

(গ) রামচন্দ্র বিদ্যাবাগীশ (ঘ) তারাচাঁদ চক্রবর্তী

১.৭ বাঙালি পরিচালিত প্রথম বাংলা সংবাদপত্রটি হল —

(ক) সমাচার দর্পণ (খ) সম্বাদ প্রভাকর

(গ) ব্রাহ্মণ সেবধি (ঘ) বাঙাল গেজেটি

১.৮ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম স্নাতক ছিলেন —

(ক) সৈয়দ আমীর আলি (খ) আব্দুল লতিফ

(গ) দেলওয়ার হোসেন আহমেদ (ঘ) সৈয়দ আহমেদ

১.৯ ঔপনিবেশিক অরণ্যআইনের বিরুদ্ধে সংঘটিত একটি আদিবাসী বিদ্রোহ হল —

(ক) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ (খ) চুয়াড় বিদ্রোহ

(গ) কোল বিদ্রোহ (ঘ) রম্পা বিদ্রোহ

১.১০ 'সন্ন্যাসী বিদ্রোহ' কথাটি প্রথম ব্যবহার করেন —

(ক) ভিনসেন্ট স্মিথ (খ) জেমস্ মিল

(গ) ওয়ারেন হেস্টিংস (ঘ) লর্ড কর্ণওয়ালিশ

১.১১ সবচেয়ে দীর্ঘস্থায়ী কৃষক বিদ্রোহটি হল —

(ক) চুয়াড় বিদ্রোহ (খ) ফরাজি আন্দোলন

(গ) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ (ঘ) সাঁওতাল বিদ্রোহ

১.১২ মির নিশার আলি নেতৃত্ব দিয়েছিলেন —

(ক) বাংলার ওয়াহাবি আন্দোলনে (খ) ফরাজি আন্দোলনে

(গ) সন্ন্যাসী-ফকির বিদ্রোহে (ঘ) নীল বিদ্রোহে


sciencemaster.in

১.১৩ 'রাষ্ট্রগুরু' নামে পরিচিত ছিলেন —

(ক) রামমোহন রায়
(খ) রাজনারায়ণ বসু
(গ) নবগোপাল মিত্র
(ঘ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

১.১৪ মহাবিদ্রোহকে (১৮৫৭) 'কৃষক বিদ্রোহ' আখ্যা দিয়েছেন —

(ক) সুরেন্দ্রনাথ সেন
(খ) রমেশচন্দ্র মজুমদার
(গ) শশীভূষণ চৌধুরি
(ঘ) বিনায়ক দামোদর সাভারকর

১.১৫ আনন্দ মোহন বসু ছিলেন ভারত সভার ________

(ক) প্রতিষ্ঠাতা
(খ) সভাপতি
(গ) সহ-সভাপতি
(ঘ) সচিব

১.১৬ 'বন্দেমাতরম' সঙ্গীতটি রচনা করেন —

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) সত্যেন্দ্রনাথ ঠাকুর
(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(ঘ) স্বামী বিবেকানন্দ

১.১৭ বসুবিজ্ঞান মন্দিরের প্রতিষ্ঠাতা, জগদীশচন্দ্র বসু অধ্যাপক ছিলেন —

(ক) গণিত শাস্ত্রের
(খ) রসায়ন শাস্ত্রের
(গ) পদার্থ বিদ্যার
(ঘ) উদ্ভিদ বিদ্যার

১.১৮ 'বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ' প্রতিষ্ঠিত হয়েছিল —

(ক) ১৮৩৩ খ্রিঃ
(খ) ১৮৫৬ খ্রিঃ
(গ) ১৮৮০ খ্রিঃ
(ঘ) ১৯০৩ খ্রিঃ

১.১৯ 'জাতীয় শিক্ষা পরিষদ' (১৯০৬)-এর প্রথম সভাপতি ছিলেন —

(ক) রাসবিহারী ঘোষ
(খ) অরবিন্দ ঘোষ
(গ) তারকনাথ পালিত
(ঘ) সতীশচন্দ্র মুখোপাধ্যায়

১.২০ 'দিগ্‌দর্শন'-এর সম্পাদক ছিলেন —

(ক) উইলিয়ম কেরি
(খ) জোশুয়া মার্শম্যান
(গ) ফেলিক্স কেরি
(ঘ) জনক্লার্ক মার্শম্যান


sciencemaster.in

## বিভাগ 'খ'

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **১টি** করে মোট **১৬টি** প্রশ্নের উত্তর দাও) : ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

**একটি** বাক্যে উত্তর দাও : ১×৪=৪

(২.১.১) কোন্ বছর 'সোমপ্রকাশ'-এর প্রকাশনা সাময়িকভাবে স্থগিত রাখা হয় ?

(২.১.২) কলকাতার ঔপনিবেশিক স্থাপত্যগুলির যেকোনো একটি উল্লেখ কর ।

(২.১.৩) রেভাঃ জেমস্ লঙ্ কোন অপরাধে অপরাধী সাব্যস্ত হয়েছিলেন ?

(২.১.৪) 'বিদ্যাহারাবলী' গ্রন্থটি কে রচনা করেন ?

### উপবিভাগ : ২.২

**ঠিক** বা **ভুল** নির্ণয় কর : ১×৪=৪

(২.২.১) ভারতে কামান প্রথম ব্যবহৃত হয় পলাশীর যুদ্ধে ।

(২.২.২) ১৯১১ খ্রিষ্টাব্দে মোহন বাগান ক্লাব আই.এফ.এ. শিল্ড জয় করেছিল ।

(২.২.৩) প্রথম বিধবা বিবাহ করেন শ্রীশচন্দ্র ন্যায়রত্ন ।

(২.২.৪) ল্যান্ডহোল্ডার্স সোসাইটির অন্যতম সম্পাদক ছিলেন প্রসন্ন কুমার ঠাকুর ।

### উপবিভাগ : ২.৩

**'ক' স্তম্ভের** সঙ্গে **'খ' স্তম্ভ** মেলাও : ১×৪=৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| (২.৩.১) লর্ড রিপন | (১) জমিদার সভা |
| (২.৩.২) রামমোহন রায় | (২) হান্টার কমিশন |
| (২.৩.৩) দ্বারকানাথ ঠাকুর | (৩) বেঙ্গল টেক্নিক্যাল ইন্সটিটিউট |
| (২.৩.৪) তারকনাথ পালিত | (৪) অ্যাংলো হিন্দু স্কুল |


sciencemaster.in

**উপবিভাগ : ২.৪**

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত কর ও নামাঙ্কিত কর : ১×৪=৪

(২.৪.১) নীল বিদ্রোহের অন্যতম কেন্দ্র — নদীয়া।

(২.৪.২) কোল বিদ্রোহের এলাকা — ছোটনাগপুর।

(২.৪.৩) মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র — দিল্লি।

(২.৪.৪) মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র — কানপুর।

**অথবা**

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

শূন্যস্থান পূরণ কর : ১×৪=৪

(২.৪.১) 'হুল' কথাটির অর্থ হল ______________ ।

(২.৪.২) 'নীল দর্পণ' নাটকটি রচনা করেন ______________ ।

(২.৪.৩) ভারতের প্রথম ভাইসরয় ছিলেন ______________ ।

(২.৪.৪) 'শ্রীরামপুর মিশন প্রেস' প্রতিষ্ঠিত হয়েছিল ______________ খ্রিষ্টাব্দে।

**উপবিভাগ : ২.৫**

নিম্নলিখিত বিবৃতিগুলিব সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন কর : ১×৪=৪

(২.৫.১) বিবৃতি : ১৮১৭ খ্রিষ্টাব্দে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের জন্য হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়।

ব্যাখ্যা ১ : এই কলেজে শুধুমাত্র হিন্দু ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

ব্যাখ্যা ২ : এই কলেজে হিন্দু ও ব্রাহ্ম ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

ব্যাখ্যা ৩ : এই কলেজে সকল ধর্মের ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

(২.৫.২) বিবৃতি : ঔপনিবেশিক সরকার উপজাতিদের জন্য 'দক্ষিণ-পশ্চিম সীমান্ত এজেন্সী' নামে একটি পৃথক অঞ্চল গঠন করেছিলেন।

ব্যাখ্যা ১ : এটি গঠিত হয়েছিল চুয়াড় বিদ্রোহের পর।

ব্যাখ্যা ২ : এটি গঠিত হয়েছিল কোল বিদ্রোহের পর।

ব্যাখ্যা ৩ : এটি গঠিত হয়েছিল মুণ্ডা বিদ্রোহের পর।


sciencemaster.in

(২.৫.৩) বিবৃতি : ১৯১৭ খ্রিষ্টাব্দে জগদীশচন্দ্র বসু বসুবিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা করেন।

ব্যাখ্যা ১ : এটি উদ্ভিদ বিদ্যা গবেষণার উন্নতির জন্য প্রতিষ্ঠিত হয়।

ব্যাখ্যা ২ : এটি বিজ্ঞান শিক্ষার প্রসারের জন্য প্রতিষ্ঠিত হয়।

ব্যাখ্যা ৩ : এটি বিজ্ঞান গবেষণার উন্নতির জন্য প্রতিষ্ঠিত হয়।

(২.৫.৪) বিবৃতি : উনিশ শতকে বাংলার প্রকাশকগণ তাদের বই বিক্রির জন্য ফেরিওয়ালাদের উপর নির্ভর করতেন।

ব্যাখ্যা ১ : কারণ, বইয়ের দোকান ছিল অত্যন্ত সীমিত।

ব্যাখ্যা ২ : কারণ, বই বিক্রি করাকে নিম্নস্তরের পেশা বলে মনে করা হত।

ব্যাখ্যা ৩ : কারণ, এটি ছিল সম্ভাব্য ক্রেতাদের কাছে পৌঁছবার সুলভতম ও সহজতম উপায়।

## বিভাগ 'গ'

৩। **দু'টি** অথবা **তিনটি** বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **১১টি**) : ২×১১=২২

৩.১ সামরিক ইতিহাস চর্চার গুরুত্ব কী ?

৩.২ 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায় ?

৩.৩ স্কুল বুক সোসাইটি কেন প্রতিষ্ঠিত হয় ?

৩.৪ মধুসূদন গুপ্ত স্মরণীয় কেন ?

৩.৫ লর্ড হার্ডিঞ্জ-এর 'শিক্ষাবিষয়ক নির্দেশনামা' গুরুত্বপূর্ণ কেন ?

৩.৬ 'বাংলার নবজাগরণ' বলতে কী বোঝায় ?

৩.৭ ফরাজি আন্দোলন ব্যর্থ হ'ল কেন ?



sciencemaster.in

৩.৮ তিতুমীর স্মরণীয় কেন ?

৩.৯ শিক্ষিত বাঙালি সমাজের একটি অংশ কেন মহাবিদ্রোহের (১৮৫৭) বিরোধিতা করেছিল ?

৩.১০ ব্যঙ্গচিত্র আঁকা হয় কেন ?

৩.১১ নবগোপাল মিত্র কে ছিলেন ?

৩.১২ উনিশ শতকের বাংলায় জাতীয়তাবাদের বিকাশে বঙ্কিমচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল ?

৩.১৩ জাতীয় শিক্ষা পরিষদ কেন প্রতিষ্ঠিত হয় ?

৩.১৪ 'বিদ্যাসাগর সাট' বলতে কী বোঝায় ?

৩.১৫ বাংলা ছাপাখানার বিকাশে লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী ?

৩.১৬ গ্রামীণ শিল্প ও বৃত্তি শিক্ষার প্রসারে রবীন্দ্রনাথ-এর অবদান কীরূপ ছিল ?

## বিভাগ 'ঘ'

৪। **সাত** বা **আটটি** বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **২টি** করে প্রশ্নসহ মোট **৬টি** প্রশ্নের উত্তর দিতে হবে। ৪×৬=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ উনিশ শতকে বাংলায় নারীশিক্ষা বিস্তারে রাজা রাধাকান্তদেব কীরূপ ভূমিকা গ্রহণ করেছিলেন ?

৪.২ লর্ড মেকলে-কে কী এদেশে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তক বলা যায় ?

৪.৩ ঔপনিবেশিক সরকার কী উদ্দেশ্যে অরণ্য আইন প্রণয়ন করেছিল ?

৪.৪ নীল বিদ্রোহে সংবাদপত্রের ভূমিকা বিশ্লেষণ কর।

### উপবিভাগ : ঘ.২

৪.৫ জাতীয়তাবাদ প্রসারে হিন্দুমেলার ভূমিকা বিশ্লেষণ কর।

৪.৬ 'গোরা' উপন্যাসটিতে রবীন্দ্রনাথের যে জাতীয়তাবাদী ভাবধারার পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ কর।

৪.৭ ছাপাখানা বাংলায় শিক্ষা বিস্তারে কীরূপ পরিবর্তন এনেছিল ?

৪.৮ বাংলায় ছাপাখানার বিকাশে গঙ্গাকিশোর ভট্টাচার্যের ভূমিকা বিশ্লেষণ কর।

[Turn over



sciencemaster.in

## বিভাগ 'ঙ'

৫। **পনেরো** বা **ষোলটি** বাক্যে যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ উনিশ শতকের বাংলায় ধর্ম সংস্কার আন্দোলনে রামকৃষ্ণদেবের ভূমিকা সংক্ষেপে আলোচনা কর। ৮

৫.২ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের ঐতিহাসিক তাৎপর্য কী ছিল ? এই বিদ্রোহ ব্যর্থ হ'ল কেন ? ৫+৩

৫.৩ হ্যালহেডের 'এ গ্রামার অব দ্য বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' গ্রন্থটি গুরুত্বপূর্ণ কেন ? বাংলা ছাপাখানার বিকাশে চার্লস উইলকিন্স-এর ভূমিকা বিশ্লেষণ কর। ৩+৫

## (কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

## বিভাগ 'চ'

৬। ৬.১ একটি পূর্ণবাক্যে উত্তর দাও (যে কোনো **চারটি**) : ১×৪=৪

৬.১.১ কোন বছর 'বঙ্গদর্শন' প্রকাশিত হয় ?

৬.১.২ নীল কমিশন কবে গঠিত হয় ?

৬.১.৩ কোন বছর হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৪ ভাগনাডিহিতে কোন্ বিদ্রোহের সূচনা হয় ?

৬.১.৫ 'ভারতমাতা' চিত্রটি কে এঁকে ছিলেন ?

৬.১.৬ বসুবিজ্ঞান মন্দির কে প্রতিষ্ঠা করেন ?

৬.২ **দু'টি** বা **তিনটি** বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ২×৩=৬

৬.২.১ ডেভিড হেয়ার বিখ্যাত কেন ?

৬.২.২ 'বিপ্লব' বলতে কী বোঝায় ?

৬.২.৩ ভারত সভা প্রতিষ্ঠার দু'টি উদ্দেশ্য লেখ।

৬.২.৪ পঞ্চানন কর্মকার স্মরণীয় কেন ?

৬.২.৫ কী উদ্দেশ্যে 'শ্রীনিকেতন' গড়ে ওঠে ?


sciencemaster.in